গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি আবাসন পরিদপ্তর
প্রশাসন শাখা
www.doga.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০১৬.০১.০০২.১৮.৩৮২ তারিখ: ২৮ পৌষ ১৪২৬
১২ জানুয়ারি ২০২০

বিষয়: **২০২১ সালে অনুষ্ঠিতব্য জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম সারা দেশে সুষ্ঠুভাবে পরিচালনা প্রসংগে।**

সূত্র: ১। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রশাসন শাখা-১৩ এর স্মারক নং-২৫.০০.০০০০.০১৫.৯৯.০০৬.০১.৮৭১ তারিখঃ ১২ ডিসেম্বর ২০১৯।
২। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২৮/১১/২০১৯ তারিখের ৫২.০০.০০০০.০০১.০৭.০৩১.২০১৯-৯২ নং উপানুষ্ঠানিক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২১ সালে অনুষ্ঠিতব্য জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম সারাদেশে সুষ্ঠুভাবে পরিচালনায় প্রয়োজনীয় কার্যক্রমে সহযোগিতা প্রদানের নিমিত্তে উপানুষ্ঠানিক পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।



১২-১-২০২০
আব্দুল্লাহ্-আল-নোমান
সহকারী পরিচালক
ফোন: +৮৮০২৯৫৪৬৩১১
ফ্যাক্স: +৮৮০২৯৫৪৬৪৬৩
ইমেইল: adminsec@doga.gov.bd

বিতরণ :
১) উপ-পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
২) উপ-পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, কার্যভবন-২, আগ্রাবাদ. চট্টগ্রাম।
৩) সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর

স্মারক নম্বর: ২৫.৪৩.০০০০.০১৬.০১.০০২.১৮.৩৮২/১(৪) তারিখ: ২৮ পৌষ ১৪২৬
১২ জানুয়ারি ২০২০

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।
১) সহকারী পরিচালক, আইসিটি শাখা, সরকারী আবাসন পরিদপ্তর
২) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-১৩, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৩) সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর
৪) সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, অতিরিক্ত পরিচালকের দপ্তর, সরকারী আবাসন পরিদপ্তর



১২-১-২০২০
আব্দুল্লাহ্-আল-নোমান
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০৬.০১.৮৭১ তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৬
১২ ডিসেম্বর ২০১৯

বিষয়: **২০২১ সালে অনুষ্ঠেয় জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম সারা দেশে সুষ্ঠুভাবে পরিচালনা প্রসঙ্গে।**

সূত্র: সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২৮/১১/২০১৯ তারিখের ৫২.০০.০০০০.০০১.০৭.০৩১.২০১৯-৯২ নং উপানুষ্ঠানিক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত উপানুষ্ঠানিক পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। ২০২১ সালে অনুষ্ঠেয় জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম সারা দেশে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

১২-১২-২০১৯
মোঃ আব্দুল কাইয়ুম চৌধুরী
সিনিয়র সহকারী সচিব

বিতরণ (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
২) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৩) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
৪) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫) অতিরিক্ত সচিব (প্রশাসন)/ (প্রশাসন-২)/ (উন্নয়ন-১)/ (উন্নয়ন-২)/ (অডিট)/ (মনিটরিং), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) মহাপরিচালক, এইচবিআরআই, দারুস সালাম, মিরপুর, ঢাকা।
৮) চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৯) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০) পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০৬.০১.৮৭১/১

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৬
১২ ডিসেম্বর ২০১৯

অনুলিপি (জ্ঞাতার্থে) :
১) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২) সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪) অতিরিক্ত সচিব (প্রশাসন-২) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫) অফিস কপি/ মাস্টার ফাইল।

১২-১২-২০১৯
মোঃ আব্দুল কাইয়ুম চৌধুরী
সিনিয়র সহকারী সচিব

**সচিব**
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**Secretary**
Statistics and Informatics Division
Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh

উপানুষ্ঠানিক পত্র নং: ৫২.০০.০০০০.০০১.০৭.০৩১.২০১৯- তারিখ: ২৮/১১/২০১৯

আপনি নিশ্চয় অবগত আছেন, প্রতিষ্ঠালগ্ন হতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জাতীয় আয়, জনমিতি, শিক্ষা, স্বাস্থ্য, বাণিজ্য ও আর্থ-সামাজিক বিভিন্ন ক্ষেত্রে শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে সরকারি পরিসংখ্যান প্রস্তুত করে আসছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর একটি অন্যতম প্রধান শুমারি হচ্ছে জনশুমারি ও গৃহগণনা। এটি একটি মৌলিক কার্যক্রম যা প্রতি ১০ বছর অন্তর অনুষ্ঠিত হয়।

০২। উল্লেখ্য বাংলাদেশে ১৯৭৪ সালে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয়। পরবর্তীতে ১৯৮১, ১৯৯১, ২০০১ এবং ২০১১ সালে যথাক্রমে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়। ২০১৩ সালে মহান জাতীয় সংসদে পাশকৃত **'পরিসংখ্যান আইন, ২০১৩'** অনুযায়ী 'আদমশুমারি ও গৃহগণনা' এর নাম পরিবর্তন করে "জনশুমারি ও গৃহগণনা" করা হয়। দশ বছর পর্যাবৃত্তি অনুসরণপূর্বক দেশে পরবর্তী 'ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা' ২০২১ সালে ০২-০৮ জানুয়ারি অনুষ্ঠিত হবে। এ শুমারির মাধ্যমে একটি নির্দিষ্ট তারিখে দেশের প্রতিটি খানা ও খানার সদস্যকে গণনার অন্তর্ভুক্ত করা হবে। মূল শুমারির সম্পূরক হিসেবে বিশদ প্রশ্নপত্রের মাধ্যমে নির্বাচিত নমুনা এলাকা হতে বিস্তারিত আর্থ-সামাজিক তথ্য সংগ্রহ করা হবে। জাতীয় ও স্থানীয় পর্যায়ের সকল নির্বাচনের জন্য নির্বাচনী এলাকা নির্ধারণের লক্ষ্যে এ শুমারির মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। জাতীয় সম্পদের বণ্টন, অর্থনৈতিক উন্নয়ন সাধনের মাধ্যমে দারিদ্র্য দূরীকরণে পরিকল্পনা প্রণয়নের জন্য প্রয়োজনীয় উপাত্তের যোগান দেয়া, উৎপাদনশীল কর্মসংস্থান সৃষ্টি, মানব সম্পদ উন্নয়ন, মানসম্মত শিক্ষা সংক্রান্ত তথ্য এবং সুস্বাস্থ্য ও পুষ্টির নিশ্চয়তা সংক্রান্ত তথ্য সংগ্রহ এ শুমারির অন্তর্ভুক্ত। এ শুমারির মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) পরিবীক্ষণের জন্য ১৬টি সূচকের তথ্য সরাসরি সংগ্রহ করা হবে এবং ৯৭টি সূচকের বিভাজক (Denominator) হিসেবে এ শুমারির তথ্য ব্যবহৃত হবে। এছাড়া এবারই প্রথম বাংলাদেশে অবস্থানরত বিদেশি নাগরিক এবং প্রবাসে অবস্থানরত বাংলাদেশীদের গণনার আওতায় আনা হবে।

৩। গত ২৯ অক্টোবর ২০১৯ তারিখে একনেক সভায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র "জনশুমারি ও গৃহগণনা-২০২১" শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয় এবং উক্ত সভায় পরবর্তী জনশুমারি ও গৃহগণনা ২০২১ সালের ০২-০৮ জানুয়ারিতে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে। ২০২১ সালে অনুষ্ঠেয় জনশুমারি ও গৃহগণনা একটি জাতীয় কার্যক্রম।

৪। এমতাবস্থায় ২০২১ সালে অনুষ্ঠেয় জনশুমারি ও গৃহগণনা কার্যক্রম সারা দেশে সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

আন্তরিকভাবে আপনার

জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার
সচিব
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| |
|---|
| অতিরিক্ত সচিব (প্রশাসন-২) |
| তারিখঃ |
| যুগ্ম সচিব প্রশাসন ব্রাঞ্চ |
| যুগ্ম সচিব প্রশাসন ব্রাঞ্চ-২ |
| উপসচিব প্রশাসন-৩ শাখা |
| প্রশাসন শাখা/অধিশাখা-৫/৬/১৩ |
| বিবিধ |
| ডাইরি নম্বর: |

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ